REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন:—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স
জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই বৈশাখ বুধবার ১৩৩১ ইংরাজী 23rd April 1924 | ৩১শ সংখ্যা।


# হিলিংবাম

গত ৩০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অথবা পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ফ্রেডারিক লেং কর্ণেল এন, পি, সিং, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৸৹

## স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অনেকেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

**রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।**

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহৌষধি। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কষ্টসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীস্বরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১৷৹ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৴৹ পাঁচ আনা।

**হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।**

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সকল সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১০ই বৈশাখ বুধবার ১৩৩১ সাল।

## জঙ্গিপুরে কলেরা।

—:০:—

জঙ্গিপুরে মা ওলাদেবীর আবির্ভাব হইয়াছে। কয়েকটী গরীব প্রাণী মায়ের অনুগ্রহে কাঙ্গাল লীলা সম্বরণ করিয়াছে। এই ব্যাধির প্রকোপ কমাইবার এক্ষণে দুইটী উপায় আছে বলিয়া সাধারণের ধারণা। প্রথমটী হচ্ছে ভগবানের ইচ্ছা অর্থাৎ বৃষ্টিপাত। আর দ্বিতীয়টী মিউনিসিপালের ইচ্ছা অর্থাৎ গরীব করদাতাগণের প্রতি দৃষ্টিপাত। দুইই এক প্রকার দুষ্প্রাপ্য। কেননা গরীবের প্রতি উভয়েরই নেক-নজর সমান। কারণ কাঙ্গাল হচ্ছে তৃতীয় শ্রেণীর জীব। প্রথম দ্বিতীয় শ্রেণীর জীবগুলির প্রতি অনুগ্রহ বিতরণ করিতেই সব অনুগ্রহ ফুরাইয়া যায় তখন টকে থাকে কেবল নিগ্রহ; সেইটীই তৃতীয় শ্রেণীর জীবগুলির প্রাপ্য। কথাটা বলিলাম কেন জানেন? ভগবানের দেওয়া অর্থে ধনীরা নিজেরাই স্বাস্থ্যরক্ষার উপযোগী দ্রব্যাদি সংগ্রহ করিয়া লন। যেমন পানীয় জল। গঙ্গার জল যতই খারাপ হউক না কেন তাঁরা নিজ ব্যয়ে ফিল্টার করিয়া কর্পূর মিশাইয়া অপেয় জলকে সুপেয় করিয়া লন। কিম্বা জলের পরিবর্ত্তে সোডা ওয়াটার বা ডাবের জল ব্যবহার করিয়া সংক্রামক ব্যাধি হইতে নিস্তার পাইবার উপায় করেন। বাসভবনের পরিচ্ছন্নতার জন্য নিজে ব্যয় করিয়া ফিনাইল, গন্ধক প্রভৃতি প্রতিশোধক দ্রব্য সংগ্রহ করেন। মিউনিসিপালিটীরও দান ভগবানেরই মত। হয়ত টাউনের বড় কর্ত্তা, মেজো কর্ত্তা বা সেজো কর্ত্তার বাড়ীর ড্রেনটীতে সকাল সন্ধ্যা দুই বেলা অনেকগুলি মেথর জুটিয়া বুরুষ দিয়া ফিনাইল ছড়াইতেছে; আর তার দুই রশি তফাতে এক সাধারণ গেরস্তর বাড়ীর নিকটস্থ ড্রেনের "প্রেমে 'রেটপেয়ার' ডুবু ডুবু রাস্তা ভেসে যায়।" প্রমাণ স্বরূপ দারোগা বাবুর বাসার নিকটস্থ ড্রেন ও রাজচন্দ্র চঁদের বাড়ীর নিকটস্থ ড্রেনের তুলনা করুন। মিউনিসিপালের দোষ নাই। এই প্রকার ব্যবস্থা সকল বিভাগে সত্য ত্রেতা দ্বাপর হইতে চলিয়া আসিতেছে। অথ প্রমাণ—

"দেবাসুরগণে সমুদ্র মন্থিলে,
যার যেমন ভাগ্য সেই তেমন পেলে,
তার দেখ সাক্ষী হরি পেলে লক্ষ্মী,
হরের কি বিষ সম্ভবে।
মন ভাব্‌লে বল কি আর হবে?"

## ডাক্তারের আয়ুর্ব্বেদ শরণ।

—০—

কলিকাতার এক সম্ভ্রান্ত ঘরের একটী ছেলের টাইফয়েড জ্বর হইয়াছিল। তাহার চিকিৎসায় কলিকাতার বড় বড় ডাক্তার সবাই জুটিয়াছিলেন। যখন রক্তভেদ আরম্ভ হইল, তখন প্রধান এলোপ্যাথিক চিকিৎসক বলিলেন, এই রক্তভেদ বন্ধের বিলাতী ঔষধ অপেক্ষা, আমাদের দেশী ঔষধ অধিক ফলপ্রদ। এই বলিয়া তিনি রোগীকে বিশল্যকরণী বা আয়াপানের রস খাওয়াইবার ব্যবস্থা করিলেন। আয়াপানের রস খাওয়াইবার সঙ্গে সঙ্গে রক্তভেদ বন্ধ হইল। রক্তভেদে আয়াপানের রস একটি উৎকৃষ্ট কবিরাজী ঔষধ। আমাদের দুর্ভাগ্য, যে কবিরাজী চিকিৎসা ছাড়িয়া বিলাতী ডাক্তারী চিকিৎসার শরণাপন্ন হইয়াছি, সেই বিলাতী ডাক্তারীর নামজাদা ডাক্তারই আজ সেই কবিরাজী ঔষধ ব্যবহার করিতেছেন। একবার কলিকাতার এক ধনীর হৃদরোগ উদরী শোথ প্রভৃতি হইলে ডাক্তারেরা নির্দ্দেশ করেন, ইহা ব্রাইটস ডিজিজ। সে কালের কলিকাতার একজন বিচক্ষণ বহুদর্শী ডাক্তার সেই ধনীকে পরামর্শ দিয়াছিলেন, এ রোগের এলোপ্যাথিতে বিশেষ কিছুই নাই; যদি কিছু থাকে ত আয়ুর্ব্বেদেই আছে। বলা বাহুল্য কবিরাজী চিকিৎসায় সেই ধনী সুফল পাইয়াছিলেন। তাই বলিতেছি, ঠেকিয়া শিখিয়া যে আয়ুর্ব্বেদের গুণ বড় বড় এলোপ্যাথ ডাক্তারগণ পর্য্যন্ত স্বীকার করিতেছেন, সেই আয়ুর্ব্বেদ আমরা ছাড়িয়া ডাক্তার-প্রাণ হইয়া পড়িতেছি। ইহাই আমাদের অদৃষ্টের পরিহাস।

## নারীনিগ্রহের অভিযোগ।

—•—

রঙ্গপুর-পলাশ-বাড়ী ঝালাকান্দীর খিজিরুদ্দিন নামক এক ব্যক্তি এক বৎসরাধিককাল পূর্ব্বে গাইবাঁধার মোক্তার শ্রীযুক্ত বনমালী রায়চৌধুরীর কন্যা সুবাসিনী দেবীকে অপহরণ করিবার জন্য অভিযুক্ত হইয়াছে। তুলসীঘাটের জমিদার এবং গাইবাঁধার প্রসিদ্ধ কংগ্রেস কর্ম্মী শ্রীযুক্ত বিজয়কুমার রায় চৌধুরী এই সংবাদ প্রাপ্ত হইয়া গত ৪ঠা এপ্রেল মহকুমা ম্যাজিষ্টরের নিকট গমন করিয়াছিলেন মহকুমা ম্যাজিষ্টর এই দিন সুবাসিনীর প্রেরিত একখানি পত্রও পাইয়াছিলেন। তিনি তৎক্ষণাৎ খানাতল্লাসের ওয়ারেণ্ট মঞ্জুর করেন, কোর্ট-সব-ইনস্পেক্টরও কোর্ট পিওনকে ইহা জারীর জন্য অর্পণ করেন এবং শ্রীযুক্ত বিজয় বাবুকে পুলিশকে সাহায্য করিবার জন্য বলেন। অভিযোগে প্রকাশ, বিজয় বাবু ষাট জন লাঠিয়াল ও পুলিশ লইয়া গিয়া ৪।৫ শত গ্রামবাসীর প্রতিরোধ সত্ত্বেও আসামী খিজিরুদ্দিনের বাড়ী হইতে সুবাসিনীকে উদ্ধার করিতে সমর্থ হইয়াছেন। গত ৭ই এপ্রেল তারিখে সুবাসিনিকে মহকুমা মাজিষ্টরের নিকট হাজির করানো হইয়াছিল; এই সময়ে সে মহকুমা মাজিষ্টরের নিকট এজেহারও প্রদান করিয়াছে। সুবাসিনির এই এজেহার প্রদান করিবার পর সুবাসিনির পিতা এবং আসামী খিজিরুদ্দিন উভয়েই পলায়ন করিয়াছে। অভিযোগে প্রকাশ যে, সুবাসিনি তাহার পিতাকেও এই পাপ-কার্য্যের সংস্রবে বিজড়িত করিয়াছে এবং খিজিরুদ্দিনের বাড়ী হইতে তাহার পলায়ন চেষ্টা কিরূপে ব্যর্থ করিয়া দেওয়া হইয়াছিল, তাহাও সে এজেহারে বলিয়াছে। তদন্ত চলিতেছে। 'বঙ্গবাসী'

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই মে ১৯২৪।

—:০:—

৭৫ খাং ডিঃ সেবাইত নিত্যকালী দাসী দেং তাবু সেখ দিং দাবি ২৩।৶ পং গনকর মৌজে আলিনগর ১॥৩৻ কাত ২॥৶০ আঃ ১০৲

১৪২ খাং ডিঃ ঐ দেং মুস্তরুদ্দি বিশ্বাস দিং দাবি ৩৪।৶ পং গনকর মৌজে রামদেবপুর ৪।০॥০ কাত ৪৶৫॥ আঃ ১৯৲

৭৬ খাং ডিঃ ঐ দেং আসগর সেখ দিং দাবি ৪৭৻৶৯ পরগনাদি ঐ ১১।০৻০ কাত ৯॥৶৯ আঃ ২০৲

১৫৭ খাং ডিঃ নীলকৃষ্ণ চৌধুরী দিং দেং অক্ষয়চন্দ্র ঘোষ দাবি ২৪৴০ পং সুলতানউজিয়াল মৌজে নিজ বংশবাটী ১১৴০ কাত ২৴ আঃ ৫৲

৬২৯ খাং ডিঃ কিরণবালা দেবী দেং হারাধন মুখোপাধ্যায় দাবি ৩০৬৻৶৬ পং বহুতালী মৌজে বহুতালী ১১২॥৩ কাত ৭৫।৴১০ আঃ ২০০৲

১৪৮ খাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং কুমদ্দি সেখ দাবি ২৯৲ পং গনকর মৌজে পাইকন্তা ৬ ১৬ কাত ৭॥৴১০ আঃ ১০৲

১৫১ খাং ডিঃ ঐ দেং এসাহক সেখ দিং দাবি ২৪৻০ পং গনকর মৌজে শুক্লাপুর ৪৴১৬ কাত ১২৻০ আঃ ১০৲

১২৫ খাং ডিঃ গোকুলচন্দ্র রায় দিং দেং নাজির মণ্ডল দাবি ৪২৻৯ পং গনকর মৌজে শিবপুর ৩৻০৶ কাত ৭।৫ আঃ ৩০৲

১২৬ খাং ডিঃ ঐ দেং বুধু সেখ দিং দাবি ১৬৯৶৯ পং গনকর মৌজে রামেশ্বরপুর ৻১॥৴ কাত ১৻০ আঃ ৫৲

১২৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৻৶৩ পং গনকর মৌজে রামেশ্বরপুর ॥৪॥৴ কাত ৩৻০ আঃ ১৫৲

৪৮৪ মনি ডিঃ বালগোবিন্দরাম ভকত দেং বসন্তকুমার সেন দাবি ৩৮৮।৶ জঙ্গিপুর মিউনিসিপালিটীর মধ্যে ৴১॥ জমি তদুপরিস্থিত খড়ের ঘর বৃক্ষাদিসহ ঘায় চৌকাঠ কপাট নওয়া জিমা ইত্যাদি সমেত জমা ২৻৩ আঃ ৫০৲। ২। ঐ মধ্যে ৴১ কাঠা জমি তদুপরিস্থিত পাকা ঘর ও বৃক্ষাদি চৌকাট কপাট নওয়া জিমা কাত ১॥০ আঃ ৬০৲

৪৭১ পেটী ডিঃ পঞ্চানন চট্টোপাধ্যায় দেং মৃদুশীলা দেবী দাবি ১২৮।৩ পং কুকুমপুর মৌজে ডেনিশগঞ্জ ।৪৶ কাত ১১।৶ আঃ ১০০৲

১৫ মনি ডিঃ তারেশচন্দ্র চোবে দেং বাদসা বিশ্বাস দাবি ২৮০।৴৩ পং আদমনগর মৌজে পিয়ারাপুর ১২৴৩॥ কাত ৮৻৭॥ আঃ ১০০৲। ২। ঐ মধ্যে ।১ কাত ৶০ আঃ ৫৲

৭৪ মনি ডিঃ জিয়াউদ্দিন বিশ্বাস দেং সাবুজান সেখ দিং দাবি ১৫০॥৶৩ পং গনকর মৌজে বসন্তপুর ৩৴ কাত ৪৶ আঃ ২৫৲ ২। পং একবরসাহী মৌজে কিঃ কাঞ্চনপুর ১৶ কাত ১৶০ আঃ ১৫৲

৯৬ মনি ডিঃ হাজী মুন্সী জিল্লারহমান ওরফে রাজা মিঞা সাহেব দেঃ প্রমথনাথ রায় দিং দাবি ৭৪৬৷৹ পং গণকর মৌজে শ্রীকান্তবাটী ১৪৮২ কাত ৩২৲ আঃ ১০০৲

১০২ পেটী ডিঃ বসন্তকুমারী দেবী দিং দেঃ নগেন্দ্রমোহন গঙ্গোপাধ্যায় দিং দাবি ৩৪৯৮৩ পং গনকর মৌজে রঘুনাথগঞ্জ ৩৷৹ কাত ২৬৲ আঃ ২০০৲

---

## চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।
## নিলামের দিন ১৯শে মে ১৯২৪।

—•—

১১০ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেঃ কালী দাসী দাবি ১৬৭।৴৹ পং গয়সাবাদ মৌজে একরখি ১৯।৪॥ কাত ২৫॥৫ আঃ ১৫০৲

১৩১ থাং ডিঃ ভগবতীচরণ চৌধুরী দিং দেঃ ললিত মোহন বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৮৪৵৹ পং কুন্ডরপ্রতাপ মৌজে বনিয়াগ্রাম ১২।৪ কাত ১২।৶৪ আঃ ৬০৲

৪১ থাং ডিঃ শ্যামাপদ চৌধুরী দেঃ কাত্তিম মণ্ডল দাবি ১৮৬৶৯ পং দশহাজারী মৌজে হোসেপুর ১॥৪ কাত ২৻১২ আঃ ১০৲

৭৪ থাং ডিঃ ঐ দেঃ কাঙ্গিচরণ মিশ্র দিং দাবি ১৩৶৯ পং ঐ মৌজে রঘুনাথপুর ১৴৩ কাত ১৻৩ আঃ ৫৲

৮২ থাং ডিঃ মহেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেঃ মতিওর রহমান দাবি ১৩৩।৴৯ পং রাজসাহী মৌজে কাহুয়া ১৫॥১ কাত ২২॥৶ আঃ ১৭০৲

৯১ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেঃ গোবিন্দ মাল দাবি ১৬৶১৹ পং গোয়াস মৌজে গোকুলতা ১৴৹ কাত ১॥৴১৭॥ আঃ ১০৲

৯০ থাং ডিঃ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় দেঃ তারণচন্দ্র ঘোষ দাবি ৪২৮৹ পং কুন্ডরপ্রতাপ মৌজে শ্রীকান্তবাটী ৪৮১ কাত ৭৷৹ আঃ ২৫৲

৬৩ থাং ডিঃ যোগেন্দ্র চন্দ্র খাঁ দেঃ রামেশ্বরী দাসী দিং দাবি ৫৩॥৵৩ পং গোয়াস মৌজে কাটনাই ৫।৩॥ কাত ৬৶১২॥ আঃ ৪৫৲

৫৫ থাং ডিঃ সেবাইত নিত্যকালী দাসী দেঃ ইয়ারবক্স সেখ ওরফে ডুলু সেখ দিং দাবি ৬৬॥৵১৫ পং গণকর মৌজে ঘোরশালা ২২৴৹ কাত ১৩৮৹ আঃ ২০৲

৫৭ থাং ডিঃ ঐ দেঃ প্রমোদকিশোর রায় নাবালক পক্ষে অলি উকীল বাবু অনুকুলচন্দ্র চট্টোপাধ্যায় দাবি ১৯॥৴৫ পং গণকর মৌজে কাঞ্চনপুর ১॥৹ কাত ১॥৹ আঃ ৫৲

৬৭ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং নিত্যকালী দাসী দেঃ লুটু মণ্ডল দিং দাবি ১৬৮৴৹ পং ঐ মৌজে জগদানন্দবাটী ৮৹ কাত ১॥৴১৹ আঃ ৫৲

১৮ মনি ডিঃ মহেশনারায়ণ দাস দেঃ মুকুন্দ মণ্ডল দিং দাবি ৪১৮৬ পং গণকর মৌজে রাজানগর ॥৹ কাত ২॥৴১৹ আঃ ১০৲ ২নং লাট পঞ্চগণাদি ঐ ।৹ গর্ত্ত কাত ।৵৹ আঃ ৫৲

২৬ মর্গেজ ডিঃ বিনোদবিহারী দাস দেঃ ফজু সেখ দাবি ৫১।৶৹ পং চংনদীয়া মৌজে নিম্পিবিড়ল ১।৩ কাত ১॥৶৹ আঃ ৪০৲

৭৮ মনি ডিঃ হাজি মুন্সী জিল্লার রহমান ওরফে রাজা মিঞা দেঃ আউলাদ মোল্লা দাবি ৫৭৮৶৯ পং গণকর মৌজে আন্দুয়া ৯৴৹ কাত ১৫৶৯ আঃ ৯০৲ ও মৌজে ঐ ১।৹ কাত ১৲ আঃ ১০৲ ও মৌজে ঐ ৮৹ কাত ১॥৶৹ আঃ ৭৲

---

## বিজ্ঞাপন।

—:০:—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, জঙ্গিপুর মিউনিসিপালিটীর ৫ নম্বর ওয়ার্ডে সদর রাস্তার উপর পাকা দোকান ঘর বিক্রয় হইবে। গ্রহণেচ্ছুগণ নিম্ন স্বাক্ষরকারীর নিকট সাক্ষাৎ করিলে সমস্ত বিবরণ জানিতে পারিবেন।

শ্রীগিরীশ চন্দ্র দে।
রঘুনাথগঞ্জ মণোহারীর দোকান।

---

# সালসা



## খেতে কোন হাঙ্গামা নাই

### অনুপান—গরম দুগ্ধ; অভাবে গরম জল।

**মাত্রা** — পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ।

**ব্যবহার বিধি** — সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে।

**পথ্যাপথ্য** — পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ; মুগ, ছোলা বা অড়হর ডাল; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী।

**সাধারণ নিয়ম** — প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

**নিষিদ্ধ** — নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে।

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়।

উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

═══এক শিশি ১॥০ টাকা══ডাকমাশুল ৸৴৹ আনা═══

## সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

---

## অম্লরোগের মহৌষধ

অম্লপিত্তান্তক বহ্নি—সর্ব্ব অজীর্ণ অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত ও দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ॥৹ আনা মাত্র ডাক মাশুলস্বতন্ত্র।

## নিম সাবান।

এই সাবান মাখিলে সামান্য খুজলি (চুলকানি) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টি-জনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৸৹ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।
ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেণ্টস্:—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ) ৩। শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

## বিনামূল্যে ও বিনামাশুলে

রত্নসদৃশ অষ্টরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল!

সত্বর লিখুন---বিলম্বে হতাশ হইবেন।

ঠিকানা ঃ— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী।

'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আরও পড়ুন! আরও দেখুন!! অবাক্ হইবেন!!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী।

১। সকল সালসার রাজা "লোহাসব"।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হাঁপানি যক্ষ্মা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বিস্তৃতি বন্ধ হয়। মূল্য ১৫ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লোহা হজম করিতে পারিবেন এবং দেহ লোহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি পরিণয়সূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমা বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৬০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৬০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও দেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।


রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সলিউসন্





মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

১নং। দামোদর সুধা। ঃ— মূল্য ।৵০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য

অপেল্লীন। ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—ওলাউঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। এক্জিন ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।